তারিখ ... 13 MAY 2003 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ......

দৈনিক ইত্তেফাক

# বাতিলকৃত ২৪তম বিসিএসের প্রিলিমিনারী টেস্ট ৮ই আগস্ট

ইত্তেফাক রিপোর্ট ॥ প্রশ্নপত্র ফাঁস কেলেংকারির জন্য বাতিলকৃত বহুল আলোচিত ২৪তম বিসিএস পরীক্ষার প্রিলিমিনারী পরীক্ষার (২য় পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## বাতিলকৃত ২৪তম বিসিএস

(প্রথম পৃঃ পর)

নতুন তারিখ ঘোষণা করেছে পাবলিক সার্ভিস কমিশন (পিএসসি)। গতকাল সোমবার পিএসসির এক ঘোষণায় বলা হয়, ২৪তম বিসিএস-এর বাতিলকৃত প্রিলিমিনারী (অবজেকটিভ) টেস্ট আগামী ৮ আগস্ট শুক্রবার ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা এবং লন্ডন কেন্দ্রে একযোগে অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময় ও আসন ব্যবস্থা পরবর্তীতে দৈনিক পত্রিকার মাধ্যমে প্রকাশ করা হবে। এ পরীক্ষার জন্য পূর্বে ইস্যুকৃত প্রবেশপত্র বহাল থাকবে। প্রবেশপত্র ব্যতিরেকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

### ২৩তম বিসিএস

২৩তম বিসিএস-এর লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মনস্তাত্ত্বিক (লিখিত) পরীক্ষা ১৫ জুন, সকাল ১০টায় বাংলাদেশ সরকারী কর্মকমিশন, পুরাতন বিমান বন্দর ভবন, তেজগাঁও, ঢাকায় অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময়সূচী, নির্দেশাবলী ও আসন ব্যবস্থা যথাসময়ে দৈনিক পত্রিকার মাধ্যমে প্রকাশ করা হবে।

প্রার্থীদের নামে আলাদাভাবে কোনো প্রবেশপত্র জারি করা হবে না। ২৩তম বিসিএস-এর প্রিলিমিনারী পরীক্ষার জন্য জারিকৃত প্রবেশপত্র মনস্তাত্ত্বিক পরীক্ষার সময় সঙ্গে আনতে হবে। প্রবেশপত্র ব্যতীত কোনো অবস্থাতেই প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। মনস্তাত্ত্বিক পরীক্ষায় অনুপস্থিত প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না। এছাড়া ৬ই জুলাই থেকে ২৩তম বিসিএস-এর মৌখিক পরীক্ষা শুরু হবে। ঐ পরীক্ষার সময় প্রার্থীদের সব পরীক্ষার মূল সনদপত্র, মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা মন্ত্রণালয়ের নবায়নকৃত সনদপত্র ও চাকরিরত প্রার্থীদের ছাড়পত্র দাখিল করতে হবে।